# জেলা ইনোভেশন টিমের জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জয়া মারীয়া পেরেরা
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী

সভার তারিখ : ১৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সভার সময় : বেলা ১২.১৫ মিনিট

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সদস্যদের পরিচয় গ্রহণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার, আইসিটি কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জেলা ও উপজেলার দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব প্রেরণ | সভাপতি পূর্বের ন্যায় সভার সদস্যদের বলেন যে, বিভিন্ন দপ্তরগুলো তাদের দৈনন্দিন কার্যক্রম আরো বেশি দ্রুততার সাথে এবং সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন করে চলেছে। তাদের উদ্ভাবন সম্পর্কিত তথ্য এ কার্যালয়কে অবহিত করলে উক্ত উদ্ভাবন অন্য দপ্তরগুলো কাজে লাগিয়ে তাদের কাজকে আরো ফলপ্রসুরুপে সম্পন্ন করতে পারে। তিনি আরো বলেন যে, প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরে গৃহীত উদ্ভাবন উদ্যোগ সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়ে থাকে। | উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের গৃহীত উদ্ভাবনী কার্যক্রম এ কার্যালয়কে অবহিতকরণের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | জেলা ইনোভেশন টিম, রাজশাহী |
| ২. | বিভিন্ন দপ্তরের ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা নিম্নে প্রদত্ত হলো | | | |
| ২ (ক) | জেলা শিক্ষা অফিস | জেলা শিক্ষা অফিসারের পক্ষে প্রোগ্রামার বলেন যে, জেলা শিক্ষা অফিসের নিজস্ব কোনো ইনোভেশন নেই। তবে জেলা শিক্ষা অফিসারসহ অন্যান্য কর্মকর্তাগণ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে উক্ত প্রতিষ্ঠানে ইনোভেশন বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন এবং কোনো ইনোভেশন কার্যক্রম থাকলে তা জেলা প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানান। | জেলা শিক্ষা অফিসের গৃহীত কার্যক্রম নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অন্যান্য দপ্তরকেও এরুপ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা ইনোভেশন টিম, রাজশাহী |
| ২ (খ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, রাজশাহী | প্রতিনিধি জানান যে, তাদের দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচিতে ইনোভেশনের গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়ে থাকে এবং কোনো দপ্তরের যদি কোনো ইনোভেশন থেকে থাকে তবে তা জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হয়ে থাকে। | গৃহীত কার্যক্রম নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | জেলা ইনোভেশন টিম, রাজশাহী |
| ২ (গ) | রাজশাহী কলেজ | প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, করোনার সময় হতেই রাজশাহী কলেজে অনলাইনে ক্লাসসহ প্রায় সকল কাজই অনলাইনে করা হয়ে থাকে। পোর্টালে তথ্য আপলোড, এসএমএস এর মাধ্যমে তথ্য প্রদান, ই-বুক, সিটিজেন চার্জার প্রকাশ, বিভিন্ন ফলাফল প্রকাশ, লাইব্রেরীর তথ্যসহ সকল তথ্যাদি অনলাইনে প্রকাশ করা হয়ে থাকে। | রাজশাহী কলেজের ইনোভেটিভ কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। জেলার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানকে এরূপ কার্যক্রম গ্রহণে উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | ১. অধ্যক্ষ, রাজশাহী কলেজ<br>২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী |

সভাপতি বলেন, আমাদের সকল দপ্তরের দাপ্তরিক কাজকে আরো সহজ, সাবলীল এবং দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে সকল দপ্তরেই প্রতিনিয়ত কিছু না কিছু ইনোভেশন কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। উক্ত তথ্যগুলো জেলা প্রশাসককে অবহিত করা হলে তা রেপ্লিকেন্ট এর মাধ্যমে সকল দপ্তর সেই সুবিধাগুলো কাজে লাগিয়ে দাপ্তরিক কাজগুলোকে আরো বেশি সাবলীলভাবে দ্রুততার সাথে সম্পন্ন করতে পারে। এতে করে জনগণও সরকারি সেবাগুলো আরো সহজে দ্রুততার সাথে গ্রহণ করে উপকৃত হতে পারবে। সকল সদস্যকে এ বিষয়ে তৎপর থাকতে সভাপতি অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

18.06.23

(জয়া মারীয়া পেরেরা)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রাজশাহী
ও
সভাপতি, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.২২.৬১(২২)

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
৩. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য

৫. -------------------------------------------------------------------------------------
ও সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী
(কার্যবিবরণীটি পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

১৩/০৭/২০২৩

(সাবিক হাছান খাঁন)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী